গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.dhaka.gov.bd

স্মারক নম্বর-৫১.০১.২৬০০.০১৮.৪২.০৩০.২৪. ৪৪৯

তারিখ: ১০ আষাঢ় ১৪৩১
২৪ জুন ২০২৪

প্রেরক : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।

প্রাপক : ১) সার্কেল অফিসার
তেজগাঁও উন্নয়ন সার্কেল
ঢাকা।
২) উপজেলা নির্বাহী অফিসার
ধামরাই/কেরানীগঞ্জ, ঢাকা।

বিষয় : ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টি.আর) কর্মসূচির আওতায় বিশেষ প্রকল্প বাস্তবায়নের জন্য নগদ টাকা উপবরাদ্দ প্রদান।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.২৪(অংশ-৯).৭৬ ও ৭৭, তারিখ: ১৩ জুন ২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় নিম্নবর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য নগদ টাকা বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত নগদ টাকা দ্বারা গৃহীত প্রকল্পসমূহ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ ও নিম্নলিখিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পের নামের পার্শ্বে ০৪ নং কলামে বর্ণিত নগদ টাকা তাঁর অনুকূলে উপবরাদ্দ প্রদান করা হলো।

০২। এ ব্যয় বাজেট চলতি ২০২৩-২০২৪ কোড নং- ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ হতে নির্বাহ করা হবে।

| ক্র: নং | উপজেলা | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | তেজগাঁও সার্কেল উন্নয়ন | ১। গ্রীণরোড গভ: স্টাফ কোয়ার্টার্স জামে মসজিদ কমপ্লেক্স সংস্কার ও উন্নয়ন। | ২,০০,০০০/- | জি.ও নং-৭৬ |
| | | ২। শ্রী শ্রী রমনা কালী মন্দির ও শ্রীমা আনন্দময়ী আশ্রম সংস্কার ও উন্নয়ন। | ২,০০,০০০/- | |
| | | ৩। শ্রী শ্রী গীতা মন্দির উন্নয়ন। | ১,৫০,০০০/- | জি.ও নং-৭৭ |
| | | ৪। রমনা কালী মন্দির প্রাঙ্গণে শ্রীমা আনন্দময়ী আশ্রমের দেওয়াল সংস্কার। | ১,৫০,০০০/- | |
| | | ৫। রমনা কালী মন্দির সংলগ্ন শহীদ স্মৃতি ফলক সংস্কার। | ১,৫০,০০০/- | |
| | | ৬। রমনা কালী মন্দিরের রাস্তার সংস্কার। | ১,৫০,০০০/- | |
| | | ৭। রমনা কালী মন্দিরের পুকুরঘাট সংস্কার। | ১,৫০,০০০/- | |
| | | মোট এগার লক্ষ পঞ্চাশ হাজার টাকা | ১১,৫০,০০০/- | |
| ২ | ধামরাই | ১। কান্দাপাড়া (উত্তর ) জামে মসজিদের উন্নয়ন। | ১,৫০,০০০/- | |
| | | ২। কান্দাপাড়া ঈদগাহ মাঠের উন্নয়ন | ১,০০,০০০/- | |
| | | মোট দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা | ২,৫০,০০০/- | |
| ৩ | কেরানীগঞ্জ | ১। হাজী সেকান্দার আলী জামে মসজিদের অজুখানা ও টয়লেট সংস্কার | ১,০০,০০০/- | |

শর্তাসমূহ :

(১) বরাদ্দকৃত টাকা বিলের মাধ্যমে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণিরোড, ঢাকা/ উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয় হতে উত্তোলন করতে হবে।
(২) বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন কাজ আগামী ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখের সম্পন্ন করতে হবে;
(৩) এ কর্মসুচির বরাদ্দকৃত নগদ টাকা ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও সর্বশেষ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জারীকৃত গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টি.আর) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুশাসনাবলী অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে ;
(৪) প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রকল্প প্রাক্কলন প্রণয়নপূর্বক বরাদ্দকৃত **টাকা** ছাড় করতে হবে। কোন অবস্থায় প্রকল্প প্রাক্কলন প্রণয়ন ব্যতিত টাকা ছাড় করা যাবে না।
(৫) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলারকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
(৬) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মনিন্দর রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।
(৭) নির্ধারিত সময় সীমার মধ্যে বাস্তবায়ন কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ ;
(৮) কোন প্রকল্পসমূহ ভুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশের প্রচলিত/আইন বিধির আওতায় আনতে হবে;
(৯) প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জন প্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা;

চলমান পাতা -০২

(১০) অবিলম্বে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পন্ন করে প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু এবং অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

(১১) যে কোন প্রকল্প/প্রকল্পসমূহ দ্বৈত হলে কোন অবস্থায় বরাদ্দকৃত টাকা ছাড় করা যাবে না। বরাদ্দকৃত টাকা সরকারী কোষাগারে চালানের মাধ্যমে ফেরৎ প্রদানপূর্বক চালানের কপি হিসাবভুক্তির প্রত্যায়নসহ দাখিল করতে হবে।

(১২) প্রকল্পসমূহের সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে উপযুক্ত কর্মকর্তা দ্বারা সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে;

(১৩) প্রকল্পসমূহে বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখে ও ২০ তারিখের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও এ কার্যালয়ে প্রেরণ করতে হবে ;

(১৪) প্রকল্পসমূহ বাস্তবায়নের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে, এ কার্যালয়ে প্রেরণ এবং নিরীক্ষার জন্য যাবতীয় হিসাব ও ভাউচার যথারীত তাঁর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

(১৫) প্রকল্পসমূহের সংশোধীত প্রাক্কলন প্রনয়ণ ও এক কপি প্রাক্কলন দাখিলপূর্বক প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু করতে হবে।

(১৬) প্রতিটি প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু করার পূর্বের ছবি এবং বাস্তবায়ন কাজ শেষ হওয়ার পর ছবি সংরক্ষণ করতে হবে।

(১৭) প্রকল্প বাস্তবায়ন কাজ শেষ হওয়ার পর প্রতিটি প্রকল্পের পূর্বের এবং বর্তমান ছবি প্রেরণ করতে হবে।

(১৮) বাস্তবায়ন নির্দেশিবার ১০(ক) অনুযায়ী প্রতিটি প্রকল্পের সাইনবোর্ড প্রকল্প সাইডে স্থাপন করতে হবে। সাইনবোর্ডের ছবি বাস্তবায়ন কাজ শুরু করার তিন দিনের মধ্যে দাখিল করতে হবে।

(১৯) পরিদর্শন,পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২। **এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।**

২৪/০৬/২০২৪

মো. আব্দুর রহমান
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা
ফোন-৪১০৫১০৬৫
মোবাইল নং ০১৭০০-৭১৬৬৭৮
E-mail: drrodhaka@ddm.gov.bd

স্মারক নম্বর-৫১.০১.২৬০০.০১৮.৪২.০৩০.২৪.৪৪৭

তারিখ: ১০ আষাঢ় ১৪৩১ / ২৪ জুন ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য নির্বাচনী এলাকা-----------, ঢাকা---------;
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা;
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আ. গণিরোড, ঢাকা;
৬। চেয়ারম্যান উপজেলা পরিষদ, ধামরাই/কেরানীগঞ্জ, ঢাকা;
৭। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (জেলা প্রশাসক মহোদেয়ের সদয় অবগতির জন্য);
৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (উপবরাদ্দপত্রটি জেলা প্রশাসকের ওয়েব সাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো);
৯। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ধামরাই/কেরানীগঞ্জ, ঢাকা;
১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিস, ঢাকা;
১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেজগাঁও উন্নয়ন সার্কেল/ ধামরাই/কেরানীগঞ্জ, ঢাকা;
১২। অফিস কপি।

২৪/০৬/২০২৪

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।